

২০১৮-১৯ শিক্ষাবর্ষের 'ইউনিট-২'-এর ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত



৬ অক্টোবর-২০১৮, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) ১ম বর্ষের 'ইউনিট-২' (মানবিক শাখা)-এর ভর্তি পরীক্ষা সকাল ১০.০০টা থেকে ১১:৩০টা পর্যন্ত সুষ্ঠুভাবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ মোট চারটি পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, আজকের লিখিত ভর্তি পরীক্ষার জন্য ৭৮৮টি (৭৭০+১৮) আসনের বিপরীতে ১৪,৫৭১ জন শিক্ষার্থী মনোনীত হয়েছিল। উল্লেখ্য, এবারই প্রথমবারের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা বর্ণনামূলক লিখিত পদ্ধতিতে অনুষ্ঠিত হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান পরীক্ষার হল পরিদর্শন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। 'ইউনিট-২' এর ভর্তি পরীক্ষার ফলাফল শীঘ্রই প্রকাশ করা হবে। ফলাফল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.jnu.ac.bd) পাওয়া যাবে।